প্রথম আলো

18 JUL 2008
– ৯ … ৪

# দেশ-বিদেশে ভর্তির তথ্য নিয়ে শুরু হয়েছে অল ইউনিভার্সিটি ফেয়ার

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে গতকাল বৃহস্পতিবার থেকে শুরু হয়েছে তিন দিনব্যাপী অল ইউনিভার্সিটি ফেয়ার। দেশ ও বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তির বিষয়ে সব ধরনের তথ্যের সম্ভার রয়েছে এ মেলায়।

গতকাল এই মেলার উদ্বোধন ঘোষণা করেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম। উদ্বোধনী অনুষ্ঠানে তিনি বলেন, বাংলাদেশে উচ্চশিক্ষা ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর তদারকির দায়িত্ব বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন পালন করলেও বড় দায়িত্বটি ওইসব প্রতিষ্ঠানের। বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, "দেশের উচ্চশিক্ষা ব্যবস্থায় বেসরকারি বিশ্ববিদ্যালয়ের গুরুত্ব রয়েছে। তাই এসব বিশ্ববিদ্যালয় নিজেরাই নিজ প্রতিষ্ঠানের শিক্ষার মান নিয়ন্ত্রণ ও উন্নয়ন ঘটাবে, এটাই মঞ্জুরি কমিশন প্রত্যাশা করে।"

মেলায় ২৮টি প্রতিষ্ঠান স্টল দিয়েছে, যেগুলো বিদেশে উচ্চশিক্ষার ব্যবস্থা করে। এসব পরামর্শক প্রতিষ্ঠান উচ্চশিক্ষা অর্জনে বিদেশ গমনেচ্ছুদের বিভিন্ন সুযোগ-সুবিধার প্রস্তাব নিয়ে স্টলগুলোকে সাজিয়েছে।

মেলায় বিদেশে পাঠানোর পরামর্শক প্রতিষ্ঠানগুলোর আধিক্য সম্পর্কে আয়োজকদের পক্ষ থেকে বলা হয়েছে, উচ্চশিক্ষার ব্যাপারে বিদেশে যাওয়ার চাহিদা বৃদ্ধি পেয়েছে।

বেসরকারি প্রতিষ্ঠান উইনমিলের আয়োজনে এই মেলার মিডিয়া পার্টনার হিসেবে রয়েছে প্রথম আলো ছাড়াও *দি ডেইলি স্টার*, সমকাল, চ্যানেল আই ও রেডিও ফূর্তি। আগামী ৭, ৮ ও ৯ আগস্ট বন্দরনগর চট্টগ্রামে এই মেলার আয়োজন করা হবে।